নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৩৮৮ ২ জানুয়ারি ২০২৬

**সংবাদ বিজ্ঞপ্তি**

# বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় নোবিপ্রবিতে মিলাদ ও দোয়া মাহফিল

বাংলাদেশের তিনবারের সাবেক সফল প্রধানমন্ত্রী, দেশনেত্রী, আপসহীন নেত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবিতে) মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। দেশব্যাপী (৩) তিন দিনের রাষ্ট্রীয় শোক পালনের অংশ হিসেবে আজ শুক্রবার (২ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি কেন্দ্রীয় মসজিদে বাদ জুম্মা এ মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।

মিলাদ শেষে সংক্ষিপ্ত আলোচনায় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ বলেন, আপসহীন নেত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আমরা নোবিপ্রবি পরিবার গভীরভাবে শোকাহত। অনেকেই একটা পর্যায়ে সন্তানদের জন্য কিংবা পরিবারের সদস্যদের জন্য হলেও আপস করতে বাধ্য হন। কিন্তু আমরা এমন এক নেত্রীকে হারিয়েছি যিনি তাঁর জীবনের কোনো পর্যায়ে কখনো অন্যায়ের সঙ্গে আপস করেননি। আল্লাহ বলেছেন অন্যায় দেখলে নিজের শক্তি দিয়ে তার প্রতিবাদ করতে, সেটি যদি সম্ভব না হয় তাহলে মুখ বা কথার মাধ্যমে প্রতিবাদ করতে, যদি তাও সম্ভব না হয়ে থাকে তবে মনে মনে ঘৃণা করতে। আমাদের এই আপসহীন নেত্রী নিজের শক্তি, সামর্থ এবং মেধা দিয়ে অন্যায়ের প্রতিবাদ করেছেন। জীবনের শেষ দিন পর্যন্ত তিনি সব হারিয়েছেন তবু কখনো আপস করেননি। আমরা মহান সৃষ্টিকর্তার কাছে তাঁর রুহের মাগফিরাত কামনা করি। আল্লাহ যেনো তাঁকে জান্নাত নসীব করেন।

মিলাদ ও দোয়া মাহফিলে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর জনাব এ.এফ.এম আরিফুর রহমানসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, গত ৩০ ডিসেম্বর ২০২৫ রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনবারের সফল প্রধানমন্ত্রী, দেশনেত্রী, আপসহীন নেত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪